

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৭৪

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সিজদার সময় দুই হাত পার্শ্বদেশ থেকে সরিয়ে রাখা।

باب مَا جَاءَ فِي التَّجَافِي فِي السُّجُودِ

আরবী

حَدَّثَنَا أَبُو كُرِيْب، حَدَّثَنَا أَبُو خَالِد الأَحْمَرُ، عَنْ دَاوُدَ بْنِ قَيْسٍ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الأَقْرَمِ الْخُزَاعِيّ، عَنْ أَبِيهِ، قَالَ كُنْتُ مَعَ أَبِي بِالْقَاعِ مِنْ نَمِرَةَ فَمَرَّتْ رَكَبَةٌ فَإِذَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم قَائِمٌ يُصلِّي . قَالَ فَكُنْتُ أَنْظُرُ إِلَى عُفْرَتَىْ إِبْطَيْهِ إِذَا سَجَدَ أَىْ اللَّهِ صلى الله عليه وسلم قَائِمٌ يُصلِّي . قَالَ فَكُنْتُ أَنْظُرُ إِلَى عُفْرَتَىْ إِبْطَيْهِ إِذَا سَجَدَ أَىْ بَيَاضِهِ . قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ عَبَاسٍ وَابْنِ بُحَيْنَةَ وَجَابِرٍ وَأَحْمَرُ بْنِ جَرْءٍ وَمَيْمُونَة وَأَبِي أُسَيْد وَسَهْل بْنِ سَعْد وَمُحَمَّد بْنِ مَسْلَمَة وَالْبَرَاءِ بْنِ عَلَيْهِ وَسَلَم وَأَجْدَ وَأَجِي مُنْ جَرْءٍ هَذَا رَجُلٌّ مِنْ عَرِي مُنْ حَدِيثٌ وَاحِدٌ . قَالَ أَبُو عِيسَى وَأَحْمَرُ بْنُ جَرْءٍ هَذَا رَجُلٌّ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم لَهُ حَدِيثٌ وَاحِدٌ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَبْدِ اللَّهِ بْنِ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم غَيْرَ هَذَا الْحَدِيث . وَالْعَمَلُ عَلَيْه عِنْد اللَّه بْنِ أَقْرَمَ مَدِيثٌ مَنْ النَّهِ بْنُ أَقْرَمَ الْخُزُرَاعِيُّ إِنَّمَا لَهُ هُ هَذَا النَّهِ بْنُ أَلْوَلَ عَلْ وَسلم . قَالَ وَعِيشٍ وَلاَ نَعْرِفُ لَعِبْدُ اللَّه بْنُ أَوْتُمَ مَنْ أَسْفِي صلى الله عليه وسلم . قَالَ وَعَبْدُ اللَّه بْنُ أَوْتُمَ الْخُزُرَاعِيُّ إِنَّمَا لَهُ هُ هَذَا الْحَدِيثُ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . وَعَبْدُ اللَّه بْنُ أَرْقَمَ النُوهُ مِنُ النَّهِ بْنُ أَرْقَمَ صَاحِبُ النَّبِيِ صلى الله عليه وسلم . وَعُو كَاتِبُ أَبِي بَكْرٍ الصَدِّرِيقِ .

বাংলা

২৭৪. আবৃ কুরায়ব (রহঃ) আবদুল্লাহ ইবনু আকরাম আল খুযাঈ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন আমি আমার পিতার সঙ্গে আরাফার নামিরা ময়দানের একটি প্রশস্ত উপত্যকায় ছিলাম। এমন সময় একটি ছোট দল এদিক দিয়ে অতিক্রম করে গেল। তখন দেখলাম রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দাড়িয়ে সালাম আদায় করছেন। সিজাদার সময় তাঁর বগলেন নীচ এর শুভ্রতা আমি দেখতে পাচ্ছিলাম। - ইবনু মাজাহ ৮৮১, তিরমিজী হাদিস নম্বরঃ ২৭৪ [আল মাদানী প্রকাশনী]



এই বিষয়ে ইবনু আব্বাস, ইবনু বুহায়রা, জবির, আহমার ইবনু জায, মায়মূনা, আবূ হুমায়দ, আবূ মাসঊদ, আবূ উসায়দ, সাহল ইবনু সা'দ, মুহাম্মাদ ইবনু মাসলামা, বারা ইবনু আযিব, আদী ইবনু আমীর ও আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকেও হাদিস বর্ণিত আছে।

ইমাম আবৃ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ আহমার ইবনু জায রাসূল এর একজন সাহাবী; তাঁর থেকে একটি হাদিস বর্ণিত আছে। ইমাম আবৃ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ আবদুল্লাহ ইবনু আকরাম (রহঃ) বর্ণিত হাদীছটি হাসান। দাউদ ইবনু কায়স (রহঃ) এর সূত্র ছাড়া অন্য কোন সনদে একটি রিওয়ায়াত আছে বলে আমাদের জানা নেই। আবদুল্লাহ ইবনু আকরামের বরাতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে অন্য কোন হাদিস বর্ণিত আছে বলেও আমাদের জানা নেই। অধিকাংশ আলিম এই হাদিস অনুসারে আমল করেছেন। আবদুল্লাহ ইবনু আকরাম খুযাঈ থেকে এই একটি হাদিসই বর্ণিত আছে। আর আবদুল্লাহ ইবনু আকরাম আয যুহরী ছিলেন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর একজন সাহাবী এবং আবৃ বকর সিদ্দীক রাদিয়াল্লাহু আনহু এর লিপিকার।

English

Ubaidallah bin Abdullah bin Arqam Al-Khuza'l narrated from his father (Abdullah bin Arqam), who said:

"I was with my father at the plains of Namirah. I passed by a mount and saw Allah's Messenger standing in Salat." He said: "I was looking at the earthiness of his armpits when he prostrated." [That is]: "Whiteness."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আব্দুল্লাহ ইবনু আরকাম (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন